যায়যায়দিন

12 JUL 2013
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৩০ শিক্ষার্থীর ভর্তি ও মাইগ্রেশন বাতিল

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১২-১৩ শিক্ষাবর্ষে অবৈধভাবে ভর্তি হওয়া ২৮ শিক্ষার্থীর ভর্তি এবং ২ শিক্ষার্থীর মাইগ্রেশন বাতিল হয়েছে। তাদের ভর্তিতে সহযোগিতার অভিযোগে বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার আবদুর রহিমকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কার্যালয় থেকে ই-মেইলে প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ২০১২-১৩ শিক্ষাবর্ষে ভর্তি-সংক্রান্ত বিষয়ে প্রাপ্ত অভিযোগ পর্যালোচনাপূর্বক সুষ্ঠু তদন্তের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশ ও বিশ্ববিদ্যালয় আইনের ৪৪ (৫) ধারায় অভিযুক্ত শিক্ষার্থীদের ভর্তি এবং মাইগ্রেশন বাতিল করা হয়েছে। সেই সঙ্গে এই কাজে জড়িত থাকার অভিযোগে একজন কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মমিনুল হক জানান, ভর্তি প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ তদন্তের জন্য গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সাময়িকভাবে বরখাস্তকৃত সহকারী রেজিস্ট্রারকে ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। তার বক্তব্যের পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

তদন্ত কমিটির প্রধান এবং বিজ্ঞান অনুষদের ডিন ড. আবুল হোসেন মঙ্গলবার রেজিস্ট্রারের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করার কথা নিশ্চিত করেছেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়ার বিভিন্ন অনিয়ম এবং ভর্তি বাণিজ্য বিষয়ে একটি উড়ো চিঠির পরিপ্রেক্ষিতে ১৮ জুন তদন্ত কমিটি গঠন করা হয়।